

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৫০  
আগরতলা, ১৫ মার্চ, ২০১৯

গোমতী জেলায় শব্দবাজী  
পুড়ানোর বিধিনিষেধ

লোকসভার সাধারণ নির্বাচন, ২০১৯-এর নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত গোমতী জেলায় বিস্ফোরণের উৎস থেকে পাঁচ মিটার এলাকা পর্যন্ত ৯০ ডেসিবেলের বেশী শব্দ সৃষ্টি করে এমন বাজী ব্যবহার করার উপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। লোকসভার সাধারণ নির্বাচন, ২০১৯ শান্তিপূর্ণভাবে সংঘটিত করতে গোমতী জেলার জেলাশাসক এক আদেশ বলে এই বিধিনিষেধ আরোপ করেছেন।

এই আদেশে বলা হয়েছে, জেলার সমস্ত মহকুমা শাসক, মহকুমা পুলিশ আধিকারিক এবং জেলার বিভিন্ন থানার দায়িত্বপ্রাপ্ত পুলিশ আধিকারিকগণ স্ব স্ব এলাকায় এই আদেশ পালন সুনিশ্চিত করবেন। সমগ্র গোমতী জেলায় আগামী ২৩মে, ২০১৯ তারিখ পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে।

\*\*\*\*\*